

B III (Three Year G)
Under 1+1+1 System

2018

COMPULSORY BENGALI (General)

(For Arts)

(Revised New Syllabus)

Time : 2 hours

Full Marks : 50

পাঠ্যসংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

- ১। 'শঙ্খ' কবিতায় শঙ্খ কিসের প্রতীক? কবি কার শঙ্খ, কি কারণে
তুলে ধরার কথা বলেছেন? ২+৮=১০

অথবা

সুভাষ মুখোপাধ্যায়ের 'ঘোষণা' কবিতাটিতে কবি তাঁর দেশের যে
জন্মবৃত্তান্তটি ঘোষণা করেছেন তা বর্ণনা করো। ১০

- ২। 'বইপড়া' প্রবন্ধে লেখক প্রাচীন ভারতবর্ষের নাগরিক সভ্যতায়
গ্রন্থপাঠের যে চিত্র তুলে ধরেছেন তা আলোচনা করো। ১০

অথবা

'বৈজ্ঞানিক বুদ্ধি' বলতে কি বোঝায়? প্রকৃত বিজ্ঞানীর করণীয়
সম্পর্কে লেখক কি বলেছেন?

8MRD/5

(Turn Over)

৩। 'অভাগীর স্বর্গ' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

'ইজ্জত' গল্পে সুমিত্রা চরিত্রটি বিশ্লেষণ করো।

৪। তাব-সম্প্রসারণ করো : ১০

"অন্যায় যে করে আর অন্যায় যে সহে,
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।"

অথবা

সংক্ষিপ্তসার লেখো :

ধন্য, আশা কুহকিনী! তোমার মায়ায়
অসার সংসারচক্র ঘোরে নিরবধি।
দাঁড়াইত স্থিরভাবে, চলিত না হয়,
মস্তবলে তুমি চক্র না ঘুরাতে যদি।
ভবিষ্যৎ অন্ধ মূঢ় মানব সকল
ঘুরিতেছে কর্মক্ষেত্রে বর্তুল-আকার
তব ইন্দ্রজালে মুগ্ধ; পেয়ে তব বল
যুঝিছে জীবনযুদ্ধে, হয় অনিবার।
নাচায় পুতুল যথা দক্ষ বাজিকরে।
নাচাও তেমতি তুমি অর্বাচীন নরে।

৫। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) তোমার কলেজের প্রতিষ্ঠা-বার্ষিক অনুষ্ঠানের জন্য একটি
ভাষণ প্রস্তুত করো।

(খ) ডেঙ্গি নিয়ে সচেতনতা প্রসারে কোনো চিকিৎসকের সঙ্গে
একটি কাল্পনিক সাক্ষাৎকার প্রস্তুত করো।

(গ) 'অরণ্য সপ্তাহ' পালনে নানা অনুষ্ঠানের কথা জানিয়ে
কলেজের ছাত্রসংসদের পক্ষে একটি বিজ্ঞপ্তি রচনা করো।

(ঘ) অসুস্থতার কারণে কলেজে অনুপস্থিত ছিলে—সেই কারণ
জানিয়ে কলেজের অধ্যক্ষের কাছে ছুটির আবেদন করো।
